



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১২ ফেব্রুয়ারি, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১২ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ আন্তঃবিভাগ ক্রিকেট টুর্নামেন্ট-২০১৮ এর শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে খেলাধুলার প্রতি গুরুত্বারোপ করে তিনি বলেন, ক্রিকেট বর্তমানে অন্যতম জনপ্রিয় একটি খেলা। এ প্রতিযোগিতার মাধ্যমে খেলোয়ারদের মধ্যে নেতৃত্ব, বন্ধুত্ব ও ভালবাসা বৃদ্ধি পাবে যা তাদের ভবিষ্যৎ কর্মজীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

এ সময় শারীরিক শিক্ষা দপ্তরের উপ-পরিচালক চৌধুরী সউদ-বিন আশ্বিয়া ও ফরেস্ট্রি দলের ম্যানেজার মো. শামসুজ্জামান ভূইয়া সহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলা সমাজকর্ম বিভাগ ও ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের মধ্যে অনুষ্ঠিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার